

HUMAN RIGHTS FORUM BANGLADESH (HRFB)

সংবাদ বিবৃতি

নিজের পছন্দসই প্রতীকে ভোট দেয়ায় নারীকে গণধর্ষণ হিউম্যান রাইটস ফোরাম বাংলাদেশ (এইচআরএফবি)’র তীব্র নিন্দা

[০১ জানুয়ারি ২০১৯, ঢাকা] একাদশ জাতীয় সংসদ নির্বাচনে ভোট কেন্দ্রে অবস্থানরত যুবকদের প্রস্তাবিত প্রতীকে ভোট না দিয়ে নিজের পছন্দসই প্রতীকে ভোট দেওয়ায় নোয়াখালীর সুবর্ণচর উপজেলার দক্ষিণ মধ্যম ব্যাগায় গত ৩০ ডিসেম্বর ২০১৮ একদল যুবক দ্বারা গণধর্ষণ ও মারধরের শিকার হয়ে হাসপাতালে চিকিৎসাধীন আছেন এক নারী। হিউম্যান রাইটস ফোরাম বাংলাদেশ (এইচআরএফবি) এ জঘন্য অপরাধের তীব্র নিন্দা জানাচ্ছে এবং দ্রুত তদন্ত সাপেক্ষে দোষীদের দৃষ্টান্তমূলক শাস্তির দাবি জানাচ্ছে।

বিভিন্ন গণমাধ্যমে প্রকাশিত অভিযোগকারীর ভাষ্যমতে, নির্বাচনের দিন ভোট কেন্দ্রে ভোট দিতে গেলে স্থানীয় আওয়ামীলীগ সমর্থক যুবকরা তাকে আওয়ামী লীগের প্রার্থীকে ভোট দেয়ার জন্য ভয় দেখায়। তাদের ভূমিকিকে অগ্রাহ্য করে তিনি তার পছন্দের প্রার্থীকে ভোট দেওয়ায় রাতে সেই যুবকেরা দল বেধে এসে তার স্বামী-সন্তানকে আটকে রেখে তাকে মারধর ও ধর্ষণ করে। যুবকদের প্রস্তাবিত প্রতীকে ভোট না দিয়ে নিজের পছন্দসই প্রতীকে ভোট দেওয়ায় এই হামলা করা হয়েছে বলে নারীটি অভিযোগ করেছেন।

হিউম্যান রাইটস ফোরাম বাংলাদেশ (এইচআরএফবি) এ সংবাদে গভীর উদ্বেগ জানাচ্ছে। ফোরাম কর্তৃপক্ষের কচে দ্রুততার সাথে সুষ্ঠু তদন্ত সাপেক্ষে জড়িতদের বিরুদ্ধে দৃষ্টান্তমূলক ব্যবস্থা গ্রহনের দাবী জানাচ্ছে। পাশাপাশি গৃহীত পদক্ষেপ সম্পর্কে জনগণকে গণমাধ্যমের মাধ্যমে অবহিত করারও দাবী রাখছে ফোরাম। ফোরাম বিশ্বাস করে, পছন্দসই জনপ্রতিনিধি বেছে নেয়ার অধিকার আমাদের সংবিধান প্রদত্ত অধিকার এবং গণতন্ত্রের প্রধান বৈশিষ্ট্য। অতীতেও বাংলাদেশে বিভিন্ন সংসদ নির্বাচনে নাগরিকের ভোটধিকার প্রয়োগের ক্ষেত্রে নানা ভূমিকি ও ভয়-ভীতি প্রদর্শনের কিংবা নির্বাচন শেষে নানা প্রতিহিংসামূলক ঘটনার সংবাদ পাওয়া গেছে, যা আমাদের গণতান্ত্রিক ও রাজনৈতিক সংস্কৃতির একটি কলঙ্কিত দিক বলে ফোরাম মনে করে। ফোরাম মনে করে, রাজনৈতিক দলগুলোকে এ ব্যাপারে বলিষ্ঠ ভূমিকা নিতে হবে এবং এ প্রবণতা রোধে সমর্থকদের বিরুদ্ধে দলীয়ভাবেও কঠোর ব্যবস্থা নিতে হবে।

Secretariat:

Ain o Salish Kendra (ASK), 7/17, Block-B, Lalmatia, Dhaka-1207

Phone: 8126047, 8126134, 8126137, Fax: 8126045

Email: ask@citechco.net web: www.askbd.org

Forum Members:

Ain o Salish Kendra (ASK), Acid Survivors Foundation (ASF), Association for Land Reform and Development (ALRD), Bandhu Social Welfare Society (BSWS), Bangladesh Adivasi Forum, Bangladesh Dalit and Excluded Rights Movements (BDERM), Bangladesh Institute of Labor Studies (BILS), Bangladesh Legal Aid & Services Trust (BLAST), Bangladesh Mahila Parishad (BMP), FAIR, Kapaeeng Foundation, Karmojibi Nari (KN), Manusher Jonno Foundation (MJF), Nagorik Uddyog, Naripokkho, National Alliance of Disabled Peoples' Organizations (NADPO), Nijera Kori, Steps Towards Development (Steps), Transparency International Bangladesh (TIB), Women Disabilities Development Foundation (WDDF).